

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন, (লেভেল-১২)
৭১-৭২, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০।
www.ebek-rdcd.gov.bd


তারিখ: ০৯.০৩.২০১৯ খ্রি।

স্মারক নং-এবাএখা/প্রশা/শুনানী/ ৩৪/২০১৮- ২২৯৬

বিষয়: শুনানীতে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একটি বাড়ি একটি খামার প্রকল্পের মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলার প্রাক্তন সাময়িক বরখাস্তকৃত উপজেলা সমন্বয়কারী জনাব মোঃ শাহিনুর রহমান (বর্তমান কর্মস্থল ঘাটাইল, টাঙ্গাইল) এর বিরুদ্ধে আনীত আর্থিক অনিয়মের বিষয়ে প্রকল্প এবং পল্লী সঞ্চয় ব্যাংক হতে তদন্তকার্য সম্পাদন করা হয়। তথাপি জনাব মোঃ শাহিনুর রহমানের আবেদনের প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে তার ব্যক্তিগত শুনানী আগামী ১৩.০৩.২০১৯ তারিখ রোজ বুধবার দুপুর ২.৩০ টায় প্রকল্প পরিচালক মহোদয় কর্তৃক প্রকল্প সদর কার্যালয়(৭১-৭২, প্রবাসী কল্যাণ ভবন(১৩ তলা, পশ্চিম পার্শ্ব), ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০ এ অনুষ্ঠিত হবে।

উক্ত শুনানীতে নির্ধারিত তারিখ ও সময়ে জনাব মোঃ শাহিনুর রহমান, তদন্তকারী দলের দলনেতা, সংশ্লিষ্ট উপজেলার উপজেলা সমন্বয়কারীসহ এ বিষয়ের সাথে সংশ্লিষ্ট সকলকে তাদের বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় কাগজ ও রেকর্ড পত্রাদিসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ আতিকুল ইসলাম)

সহকারী প্রকল্প পরিচালক (প্রশাসন ও সমন্বয়-২)

ফোন: ৯৩৫৯০৮৩

headoffice@ebek-rdcd.gov.bd

১. জনাব মোঃ শাহিনুর রহমান

উপজেলা সমন্বয়কারী(সাময়িক বরখাস্তকৃত)
ঘাটাইল, টাঙ্গাইল।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ/ঘাটাইল, টাঙ্গাইল।
- ৩। প্রোগ্রামার, একটি বাড়ি একটি খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। জনাব..... দলনেতা, তদন্তকারী দল, একটি বাড়ি একটি খামার প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৫। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, দৌলতপুর, মানিকগঞ্জ/ঘাটাইল, টাঙ্গাইল।
- ৬। জনাব..... ফিল্ডসুপারভাইজার/মাঠসহকারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ৭। সংশ্লিষ্ট নথি।